## ।। আম ।।

### [ভারতের জাতীয় ফল]

আমকে বলা হয় ফলের রাজা। এ আমাদের জাতীয় ফল। আম অতি সুস্বাদু ও রসাল ফল। শীতের শেষে আম গাছে মুকুল বা বোল ধরে। ফাল্গুন মাসে মুকুল থেকে গুটি বের হয়।এরপর গুটিগুলি কুসিতে পরিণত হয়। অবশেষে বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে আম পাকে। তখন তার রং হয় লাল বা হলুদ। কাঁচা অবস্থায় আমের স্বাদ হয় টক। তবে পাকা অবস্থায়

এর স্বাদ হয় খুবই মিষ্টি ও সুস্বাদু। অবশ্য কোন কোন আম কাঁচা অবস্থাতেই মিষ্টি লাগে। এই ধরনের আমকে বলা হয় ‘কাঁচা-মিঠে’ আম। বিভিন্ন ধরনের আম হয়- ল্যাংড়া, ফজলি, গোলাপখাস, হিমসাগর, চৌসা ও বোম্বাই প্রভৃতি। কাঁচা আম থেকে তৈরি চাটনি, মোরব্বা ও আমসি অতি উপাদেয় খাদ্য। পাকা আম থেকে তৈরি আমসত্ত্ব ও জেলি খুবই মুখরোচক। বহুলোক আমের ব্যবসা করে জীবিকা নির্বাহ করে। বর্তমানে আম বিদেশেও পাঠানো হয়।

Scanned with CamScanner

# ।।অনুচ্ছেদ রচনা।।

## ।। আম ।।

### [ভারতের জাতীয় ফল]

আমকে বলা হয় ফলের রাজা। এ আমাদের জাতীয় ফল। আম অতি সুস্বাদু ও রসাল ফল। শীতের শেষে আম গাছে মুকুল বা বোল ধরে। ফাল্গুন মাসে মুকুল থেকে গুটি বের হয়।এরপর গুটিগুলি কুসিতে পরিণত হয়। অবশেষে বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে আম পাকে। তখন তার রং হয় লাল বা হলুদ। কাঁচা অবস্থায় আমের স্বাদ হয় টক। তবে পাকা অবস্থায় এর স্বাদ হয় খুবই মিষ্টি ও সুস্বাদু। অবশ্য কোন কোন আম কাঁচা অবস্থাতেই মিষ্টি লাগে। এই ধরনের আমকে বলা হয় 'কাঁচা-মিঠে' আম। বিভিন্ন ধরনের আম হয়- ল্যাংড়া, ফজলি, গোলাপখাস, হিমসাগর, চৌসা ও বোম্বাই প্রভৃতি। কাঁচা আম থেকে তৈরি চাটনি, মোরব্বা ও আমসি অতি উপাদেয় খাদ্য। পাকা আম থেকে তৈরি আমসত্ত্ব ও জেলি খুবই মুখরোচক। বহুলোক আমের ব্যবসা করে জীবিকা নির্বাহ করে। বর্তমানে আম বিদেশেও পাঠানো হয়।

Scanned with CamScanner